# বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

অফিস: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

পত্র নং: আশিবো/প্রশা/২০১০/৭৫ — তারিখ: ০৯/০৭/২০২৫ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

ফেনী জেলায় ০৭/০৭/২০২৫ তারিখ থেকে অতিবৃষ্টি ও উজান থেকে নেমে আসা ঢলে ফুলগাজী ও পরশুরাম উপজেলার মুহুরী, কহুয়া ও সিলোনিয়া নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হওয়ায় উক্ত দুইটি উপজেলার ৩০ টি গ্রাম প্লাবিত হয়েছে এবং অধিকাংশ রাস্তা তিন থেকে চার ফিট পানির নিচে তলিয়ে গেছে। উপজেলার শিক্ষা-প্রতিষ্ঠানসমূহ আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহৃত হচ্ছে।

এমতাবস্থায়, চলমান এইচএসসি পরীক্ষা ২০২৫-এর **কুমিল্লা শিক্ষা বোর্ডের** আগামী ১০ জুলাই ২০২৫ তারিখ বৃহস্পতিবার অনুষ্ঠিতব্য পরীক্ষা স্থগিত করা হলো। **অন্যান্য ০৮টি সাধারণ শিক্ষা বোর্ডের উক্ত তারিখের এইচএসসি পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে**। কুমিল্লা শিক্ষা বোর্ডের স্থগিত হওয়া পরীক্ষার পরিবর্তিত সময়সূচি বিজ্ঞপ্তির মাধ্যমে পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে।

বিষয়টি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

09.7.2025

প্রফেসর ড. খন্দোকার এহসানুল কবির
সভাপতি
আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন- ০২-৯৬১৫২৩৫